

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 25-12-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) আজ বড়দিন। সারা বিশ্বের সঙ্গে রাজ্যেও এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, অটল বিহারী বাজপেয়ীর চিন্তাধারা সর্বদাই আমাদের অনুপ্রাণিত করে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় ক্রীড়াবিদরা ধারাবাহিকভাবে রেকর্ড ভাঙছেন এবং বিশ্ব ক্রীড়া মানচিত্রে দেশের জন্য একটি নতুন পরিচয় প্রতিষ্ঠিত করছেন।
- (৪) বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় আজ ত্রিপুরা ৯ উইকেটে চন্ডিগড়কে পরাজিত করেছে।

\*\*\*\*\*

**XMAS DAY :**

আজ বড়দিন। সারা বিশ্বের সঙ্গে রাজ্যেও এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গতকাল মধ্যরাতে বিশেষ প্রার্থনার মধ্য দিয়ে শুরু হয়েছে খ্রিস্ট ধর্মের প্রবর্তক প্রভু যীশুর আবির্ভাব দিবস উদযাপন। কাশিপুরের মরিয়ম নগর গির্জা, দুর্জয়নগরের ক্যাথলিক গির্জা, ডন বসকো, বিশপ হাউস,

নির্মলা শিশু ভবন সহ রাজ্যের বিভিন্ন স্থানের গীর্জায় বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে। বিভিন্ন উপাসনা স্থল ও প্রতিষ্ঠানকে আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। খ্রিস্ট ধর্মাবলম্বীরা ছাড়াও নানা ধর্ম, নানা জাতির লোকজন এই উৎসবে সামিল হয়েছেন।

\*\*\*\*\*

### **PM-Xmas :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দিল্লির ক্যাথিড্রাল চার্জ অফ দ্য রিডেমশনে বড়দিনের প্রার্থনা সভায় উপস্থিত ছিলেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে প্রধানমন্ত্রী বলেন, এই প্রার্থনা ভালোবাসা, শান্তি ও সহমর্মিতার চিরন্তন বার্তাকে প্রতিফলিত করেছে। তিনি আশা প্রকাশ করেন, ভগবান যীশুর শিক্ষা সমাজে সম্প্রীতি ও সৌভ্রাতৃত্বকে প্রতিষ্ঠিত করবে।

\*\*\*\*\*

### **Xmas-package story :**

নিজের জীবন দিয়ে ত্যাগ ও ভালবাসার মূর্ত প্রতিক হয়ে জগতকে আলো দেখানো প্রভু যীশুর আজ জন্মদিন। খ্রিস্টধর্মের প্রবর্তক হলেও তাঁর আবেদন সমস্ত ধরনের সংকীর্ণতার উর্ধে উঠে বিশ্বজনীনতায় অম্লান। একটি প্রতিবেদন।

**##### VC #####**

\*\*\*\*\*

## **PMGSY :**

প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা আজ ২৫ তম বর্ষপূর্তি উদযাপন করছে। এই কর্মসূচি কৃষি প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, শিক্ষা ও স্বাস্থ্যপরিষেবা ও দারিদ্র দূরীকরণে সহায়ক হিসেবে গণ্য হয়েছে। সূচনা লগ্ন থেকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা র আওতায় ৮ লক্ষ ২৫ হাজার কিলোমিটারেরও বেশি গ্রামীণ সড়ক অনুমোদিত হয়েছে, যার মধ্যে ৭ লক্ষ ৮৭ হাজার কিলোমিটারেরও বেশি রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। এর ফলে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত হয়েছে, বাজারের সঙ্গে সংযোগ আরো দৃঢ় হয়েছে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়েছে।

\*\*\*\*\*

## **Atal Bihari Vajpayee CM :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটল বিহারী বাজপেয়ীর জন্মবার্ষিকী। আজ আগরতলায় প্রদেশ বিজেপি'র কার্যালয়ে তাঁর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন অটল বিহারী বাজপেয়ীর চিন্তাধারা সর্বদাই আমাদের অনুপ্রাণিত করে।

\*\*\*\*\*

## **PM-inaugurated-Rashtra-Prerna-Sthal :**

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্মবার্ষিকীতে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লখনউয়ের গোমতী নদীর তীরে হরদই রোডে রাষ্ট্র প্রেরণা স্থল উদ্বোধন করেন। রাষ্ট্র প্রেরণা স্থলে ডঃ শ্যামা প্রসাদ মুখার্জি, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় এবং অটল বিহারী বাজপেয়ীর ৬৫ ফুট উঁচু ব্রোঞ্জের মূর্তি স্থাপন করা হয়েছে। এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী রাষ্ট্র প্রেরণা স্থল স্থাপনের উদ্দেশ্য ব্যাখ্যা করেন।

### ##### Byte-PM #####

\*\*\*\*\*

### Atal Smriti Sammelan :

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে নজরুল কলাকেন্দ্রে অনুষ্ঠিত হয় "অটল স্মৃতি সম্মেলন"। BJP'র ফটিকরায় মন্ডল কমিটির আয়োজিত এই কর্মসূচিতে মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস অটল বিহারী বাজপেয়ীর জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, বিশিষ্ট শিক্ষাব্রতী যদুলাল রায়, প্রবীণ BJP নেতা প্রভাস বণিক প্রমুখ।

\*\*\*\*\*

### CM-Kala utsab :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা জাতীয় কলা উৎসবে লোকনৃত্য রাজ্যের হজাগিরি নৃত্য তৃতীয় স্থান অধিকার করায় রাজ্যের শিল্পীদের অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, শিল্পীদের অসাধারণ শিল্পকলা, ভারসাম্য ও পারদর্শিতা রাজ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরেছে, যা রাজ্যের জন্য অত্যন্ত গৌরবের।

প্রসঙ্গত উল্লেখ্য, জাতীয় কলা উৎসবে রাজ্যের পক্ষে হজাগিরি লোকনৃত্য পরিবেশন করে গোমতী জেলার চন্দ্রপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিল্পা রিয়াং, সানিটা রিয়াং, সিলুতা রিয়াং এবং পারমৈতি রিয়াং।

\*\*\*\*\*

### **Ayurvedic college-Gomati :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন, গোমতি জেলার টেপানিয়া ইকো পার্কের কাছে একটি আয়ুর্বেদিক কলেজ খুব শীঘ্রই স্থাপন করা হবে। প্রাথমিকভাবে চন্দ্রপুর আয়ুস হাসপাতালে এই কলেজের পঠন পাঠন শুরু হবে। টেপানিয়াতে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটল বিহারী বাজপেয়ীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা জানান। তিনি আরো জানান, গোমতি জেলা হাসপাতালের পরিকাঠামো উন্নয়নের আরো ১৬৫ কোটি টাকার আর্থিক অনুমোদন দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

**#####Sound Byte#####**

আকাশবাণীর সংবাদে আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ  
ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং  
টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-  
এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা  
এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ  
আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Atal Kobita Utsab :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে তৃতীয় রাজ্যভিত্তিক অটল কবিতা ও সাহিত্য  
উৎসব আজ ধর্মনগরে বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়।  
অনুষ্ঠানের সূচনা করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। উপস্থিত ছিলেন  
উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপত্নী অপর্ণা নাথ, বিধায়ক যাদব লাল নাথ,  
ধর্মনগর পুর পরিষদের চেয়ারপারসন মিতালী রানী দাস সেন, জেলাশাসক  
চাঁদনী চন্দ্রন প্রমুখ।

অটল কবিতা ও সাহিত্য উৎসব রাজ্যের আটটি জেলা থেকে ২৫০ জন কবি  
এবং সাহিত্যিক অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে ডা: অতুল দেববর্মা কে অটল  
বিহারী বাজপেয়ী আজীবন স্মৃতি পুরস্কারে ভূষিত করা হয়।

\*\*\*\*\*

### **PRANTIK UTSAB :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ ধলেশ্বরে প্রান্তিক ক্লাবের ৬ দিনব্যাপী প্রান্তিক উৎসবের সূচনা করেন। অনুষ্ঠানে প্রবীণ নাগরিকদের সম্বর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানের পর বাংলাদেশ প্রসঙ্গে সাংসদ শ্রীদেব সাংবাদিকদের বলেন, বাংলাদেশের মৌলবাদীদের মনুষ্যত্বের বিনাশ ঘটছে। হিংসা ও অস্থিরতার ফলে বাংলাদেশের আর্থিক অবস্থা শোচনীয় হচ্ছে।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

### **PM-sansad-khel-mahotsav :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতীয় ক্রীড়াবিদরা ধারাবাহিকভাবে রেকর্ড ভাঙছেন এবং বিশ্ব ক্রীড়া মানচিত্রে দেশের জন্য একটি নতুন পরিচয় প্রতিষ্ঠিত করছেন। প্রধানমন্ত্রী আজ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দেশব্যাপী সাংসদ

খেল মহোৎসবের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। তিনি বলেন, আজ খেলাধুলো কেবল প্রতিযোগিতার মাধ্যম নয়, বরং দেশের গৌরব এবং যুব ক্ষমতায়নের একটি শক্তিশালী হাতিয়ার হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী বলেন, ভারত ২০৩৬ সালের অলিম্পিক আয়োজনের জন্যও চেষ্টা চালাচ্ছে। সন্তানদের খেলাধুলায় উৎসাহিত করার জন্য প্রধানমন্ত্রী অভিভাবকদের আহ্বান জানান। সাংসদ খেল মহোৎসবকে একটি গণআন্দোলন হিসাবে বর্ণনা করে প্রধানমন্ত্রী বলেন, এটি সারা দেশে ২৯০ জনেরও বেশি সাংসদদের দ্বারা আয়োজিত হয়েছে। ১ কোটিরও বেশি তরুণ ক্রীড়াবিদ নিবন্ধন করেছেন।

\*\*\*\*\*

## **SAMSAD KHEL :**

রাজ্যে সাংসদ খেল মহোৎসবের সমাপ্তি অনুষ্ঠানটি হয় বাধারঘাটের দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে। সেখানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভারুয়াল ভাষণ সরাসরি দেখানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধায়ক মিনা রানি সরকার, মেয়র দীপক মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

## **Bijay Marchant TROPHY :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় আজ ত্রিপুরা ৯ উইকেটে চন্ডিগড়কে পরাজিত করেছে। কর্ণাটকের শিমোগার জে এন এন কলেজ মাঠে আজ তৃতীয় তথা শেষে দিনে ৭ উইকেটে ২৯৪ রান থেকে নেমে



রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩২৬ রান করে। ৭৩ রানে পিছিয়ে থেকে চন্ডিগড় দ্বিতীয় ইনিংসে দিনের শেষে সবকটি উইকেট হারিয়ে ৮৪ রান করতে সক্ষম হয়। জয়ের জন্য ১২ রানের লক্ষ্যে নেমে রাজ্যদল ১ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। উল্লেখ, চন্ডিগড় প্রথম ইনিংসে ২৫৩ রান করেছিল।

\*\*\*\*\*

## **Weather :**

আগামীকাল সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*

\*\*\*\*\*

